মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৫/০৪/২০২২ ইং তারিখ রোজ বুধবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় শিশুদের বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণ প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৩/০৩/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় শিশুদের বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, মেহেরপুর পৌরসভা একটি পুরাতন এবং ঐতিহ্যবাহী পৌরসভা। এই পৌরসভায় প্রায় ৭০ হাজার জনসংখ্যা রয়েছে। কিন্তু অদ্যবধি এই পৌরসভাতে কোন শিশু পার্ক নির্মাণ সম্ভব হয়নি। বিনোদনের জন্য একটি খোলা পার্ক থাকলেও সেখানে শিশুদের কোন বিনোদনের ব্যবস্থা নেই। সভাপতি মহোদয় মেয়র মহোদয়ের নিকট সকলের পক্ষ থেকে একটি আধুনিক শিশুপার্ক নির্মাণের জন্য বলেন। তিনি বলেন, শহরের প্রাণকেন্দ্র পুরাতন বাসষ্টাণ্ডটি এখন অব্যবহৃত অবস্থায় রয়েছে। এই যায়গায় শিশুপার্ক করা গেলে খুবই ভালো হত। মেয়র মহোদয় সভায় বলেন, তিনি মেহেরপুর শহরে একটি শিশু পার্ক নির্মাণের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। পুরাতন বাসষ্টান্ডে শিশু পার্ক নির্মাণ করা হলে পার্কটি শহরের প্রাণকেন্দ্রে হবে। এতে সকল নাগরিক পার্কে আসতে পারবে। তিনি বলেন, মেহেরপুর পৌরসভায় চলমান তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় পুরাতন বাস ষ্টাণ্ডে পার্কটি নির্মানের জন্য পিডি	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য এ ব্যাপারে কাজ করবেন।

	মহোদয়কে অনুরোধ জানানো হবে। প্রকল্প হতে ব্যবস্থা করলে এখানে একটি বিনোদনের জন্য পার্ক নির্মাণ করা হবে। তিনি আরোও বলেন, এই প্রকল্প থেকে যদি পার্কের জন্য বরাদ্দ না পাওয়া যায় তাহলে সরকারের সহায়তায় হলেও এখানে একটি শিশু পার্ক নির্মাণের জোর প্রচেষ্টা চালানো হবে। তিনি এই ব্যাপারে সকল কাউন্সিলর ও সংশ্লিষ্ট সকলের একান্ত সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাবা জনাব নুরুল আশরাফ রাজীব, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা সভায় বলেন, করোনা ভাইরাসের কারণে পৌরসভার মাধ্যমে যে গণভ্যাকসিন প্রদান করা হবে তার জন্য প্রচারণা খুবই গুরুত্বপূর্ণ। তিনি বলেন, ভ্যাকসিন প্রদানের পূর্ব হতে প্রচারণা সঠিক ভাবে করলে টিকার গ্রহীতার পরিমাণ বৃদ্ধি পাবে। এ ব্যাপারে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় বলেন, বাংলাদেশের মধ্যে ভ্যাকসিন প্রদানের দিক থেকে মেহেরপুর জেলা অনেক এগিয়ে আছে। এই অবস্থানকে ধরে রাখতে ব্যপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন। তিনি বলেন, পৌরসভার প্রচার সেল হতে প্রতিদিন প্রতি ঘন্টায় ঘন্টায় প্রচারণা করার জন্য এবং গণটিকার পূর্বের দিন একাধিক মাইকযোগে শহরের প্রতিটি এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেন। তিনি এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

হামিদা

(হামিদা)
মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

২. জনাব ...., সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৫/০৪/২০২২ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	শিউলী
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	হাসিনা
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[signature] 25/04/22
৮	মোঃ [illegible]	CDA (UGIIP-3)	[signature]
৯			